

শ্রীশ্রী শারদীয়া দুর্গাপূজার নির্ঘণ্ট

ওয়াশিংটন

(স্থানীয় সময়ানুযায়ী)

এই সময়ে ওয়াশিংটনে গ্রীষ্মকালীন সময় চলায় ভারতীয় স্ট্যান্ডার্ড সময় থেকে সাড়ে ৯ ঘণ্টা বাদ দিলে স্থানীয় সময় পাওয়া যাবে।

১৮ই আশ্বিন ১৪১৫, ৪ঠা অক্টোবর ২০০৮, শনিবার। সূর্যোদয় ঘ ৬/৭, সূর্যাস্ত ঘ ৫/৪৬। পূর্বাহ্ন ঘ ১০/০। পঞ্চমী দিবা ঘ ১০/৫০। সায়ংকালে শ্রীশ্রীশারদীয়া দুর্গাদেবীর বোধন।

১৯শে আশ্বিন ১৪১৫, ৫ই অক্টোবর ২০০৮, রবিবার। ষষ্ঠী দিবা ঘ ১/২০। শ্রীশ্রীশারদীয়া দুর্গাষষ্ঠী। পূর্বাহ্ন ঘ ১০/০ মধ্যে শ্রীশ্রীশারদীয়া দুর্গাদেবীর ষষ্ঠ্যাদি কল্পারম্ভ ও ষষ্ঠী বিহিত পূজা প্রশস্তা। সায়ংকালে শ্রীশ্রীশারদীয়া দুর্গাদেবীর আমন্ত্রণ ও অধিবাস।

২০শে আশ্বিন ১৪১৫, ৬ই অক্টোবর ২০০৮, সোমবার। সপ্তমী দিবা ঘ ৩/৫২। শ্রীশ্রীদুর্গা সপ্তমী। শ্রীশ্রীশারদীয়া দুর্গাপূজা। পূর্বাহ্ন ঘ ১০/০ মধ্যে কিন্তু বারবেলানুরোধে দিবা ঘ ৭/৩৪ মধ্যে পুনঃ দিবা ঘ ৯/১ গতে পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর নবপত্রিকা প্রবেশ স্থাপন, সপ্তম্যাদি কল্পারম্ভ ও সপ্তমী বিহিত পূজা প্রশস্তা। রাত্রি ঘ ১১/৩২ গতে রাত্রি ঘ ১২/২০ মধ্যে কুলাচারানুসারে শ্রীশ্রীদুর্গাদেবীর অর্ধরাত্র বিহিত পূজা।

**দেবীর গজে আগমন। ফলম্-গজে চ জলদাদেবী শস্যপূর্ণাবসুন্ধরা।।**

২১শে আশ্বিন ১৪১৫, ৭ই অক্টোবর ২০০৮, মঙ্গলবার। অষ্টমী সন্ধ্যা ঘ ৬/১১। মহাষ্টমী। পূর্বাহ্ন ঘ ১০/০ মধ্যে কিন্তু বারবেলানুরোধে দিবা ঘ ৭/৩৪ মধ্যে পুনঃ দিবা ঘ ৯/১ গতে পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর মহাষ্টমী বিহিত পূজা, মহাষ্টম্যাদি কল্পারম্ভ ও কেবল মহাষ্টমী কল্পারম্ভ প্রশস্তা। সন্ধ্যা ঘ ৫/৪৭ গতে সন্ধি পূজারম্ভ। সন্ধ্যা ঘ ৬/১১ গতে বলিদান। রাত্রি ঘ ৬/৩৫ মধ্যে সন্ধিপূজা সমাপন। বীরাষ্টমী ও মহাষ্টমীর ব্রতোপবাস।

২২শে আশ্বিন ১৪১৫, ৮ই অক্টোবর ২০০৮, বুধবার। নবমী রাত্রি ঘ ৮/৪। মহানবমী। পূর্বাহ্ন ঘ ১০/০ মধ্যে কিন্তু বারবেলানুরোধে দিবা ঘ ৯/১১ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর মহানবমী বিহিত পূজা ও কেবল মহানবমী কল্পে পূজা প্রশস্তা।

২৩শে আশ্বিন ১৪১৫, ৯ই অক্টোবর ২০০৮, বৃহস্পতিবার। দশমী রাত্রি ঘ ৯/১৭। শ্রীশ্রীবিজয়া দশমী। পূর্বাহ্ন ঘ ১০/০ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর দশমী বিহিত পূজা ও বিসর্জন প্রশস্তা। বিজয়াদশমী কৃত্য। কুলাচারানুসারে বিসর্জনাতে শ্রীশ্রীঅপরাজিতা পূজা। দশেরা।

**দেবীর দোলায় গমন। ফলম্-দোলায়াং মরকং ভবেৎ।।**